

৪১ হাজার শিক্ষক নিয়োগের ষষ্ঠ গণবিজ্ঞপ্তির ফল প্রকাশ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৬:২৬, ১৯ আগস্ট ২০২৫



ছবি: সংগৃহীত

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শূন্যপদে শিক্ষক নিয়োগের ষষ্ঠ গণবিজ্ঞপ্তির ফল প্রকাশ করা হয়েছে। মঙ্গলবার (১৯ আগস্ট) বিকেলে শিক্ষা উপদেষ্টা অধ্যাপক চৌধুরী রফিকুল আবরারের হাতে আনুষ্ঠানিকভাবে এনটিআরসিএ চেয়ারম্যান মো. আমিনুল ইসলাম ফল তুলে দেন।

×

×

এনটিআরসিএ জানিয়েছে, ১৮ সেপ্টেম্বরের মধ্যে সুপারিশপ্রাপ্ত প্রার্থীরা তাদের সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান থেকে নিয়োগপত্র পাবেন। নিয়োগপত্র পাওয়ার ৭ কার্যদিবসের মধ্যে প্রার্থীদের অবশ্যই প্রতিষ্ঠানে যোগদান করতে হবে।

×

দেশের বিভিন্ন প্রতিষ্ঠানের এক লাখ ৮২২টি শূন্যপদের জন্য প্রায় ৪১ হাজার শিক্ষক/প্রভাষক নিয়োগের সুপারিশ করা হয়েছে। পুরো প্রক্রিয়াটি ই-রেজিস্ট্রেশন, প্রতিষ্ঠান কর্তৃক চাহিদা, যোগ্যতা যাচাই ও সুপারিশসহ আধুনিক প্রযুক্তি ব্যবহার করে স্বচ্ছভাবে সম্পন্ন করা হয়েছে।

যেভাবে ফল জানবেন

নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থীরা এনটিআরসিএর ওয়েবসাইট www.ntcrca.gov.bd-এর ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ-২০২৫ সেবা বক্স থেকে ফল দেখতে পারবেন। এছাড়া <http://ngi.teletalk.com.bd> লিংক থেকেও ফল জানা যাবে।

×

প্রার্থী নিজের ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে ফল দেখতে পারবেন। একইভাবে, প্রতিষ্ঠান প্রধানরাও তাদের স্ব-স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে নির্বাচিত প্রার্থীদের তালিকা দেখতে পারবেন।

যদি কেউ টেকনিক্যাল কারণে SMS না পান, তবুও ওয়েবসাইটের
সেবা বক্স থেকে ফল দেখা যাবে।

আবির